গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.২৩৯.২৫.০০২.১৮-৪৭৬

১৪ ফাল্গুন ১৪২৪
তারিখঃ -------------------
২৬ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ বৈদেশিক শর্ট কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান

চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় বৈদেশিক শর্ট কোর্সে অংশগ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর/সংস্থায় এবং বিভিন্ন ক্যাডার সার্ভিস এসোসিয়েশন/সমিতি বরাবর বহুল প্রচারের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রম অনুরোধ জানানো হলো।

সচিবের দপ্তর
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
প্রধান, কার্যক্রম/শিল্প ও শক্তি/আর্থ-সামাঃ/ভৌত অবঃ/সাধাঃ অর্থনীতি/কৃষি বিভাগ
অতিঃসচিব-১/অতিঃসচিব-২/অতিঃসচিব-৩
যুগ্ম-সচিব (প্রশাঃ/পিটি/.../বাজেট/আইটি)
যুগ্ম-প্রধান (একনেক/.../এনইসি)/পি.এস.
ডায়েরী নং- ৬৯৬
তারিখ- ... স্বাক্ষর- ...

সিনিয়র সিস্টেম এনালিষ্ট এর দপ্তর
পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং ৩৫ তারিখ ৭/৩/১৮
সিনিয়র প্রোগ্রামার ...
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার

online

সংলগ্নীঃ দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তি।

২৬.০২.১৮
(এস এম আবদুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব
ও
সহকারী প্রকল্প পরিচালক
'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)'শীর্ষক প্রকল্প
ফোনঃ ৯৫৪০৭৫৯
pcell2@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, ..............................................................................
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (সকল)
৫. রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা (তাঁর অধীনস্থ সকল দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
৬. বিভাগীয় কমিশনার, ..................................................................(সকল)
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/ বিধি/সংগঠন ও ব্যবসহাপনা/শৃঙ্খলা/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক/পরিচালক .......................................................................
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
১০. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
১১. জেলা প্রশাসক, ..................................................................(সকল) (আপনার জেলা এবং উপজেলাধীন সকল বিসিএস ক্যাডার কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
১২. উপসচিব (পরিকল্পনা), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, লোকপ্রশাসন কম্পিউটার কেন্দ্র, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। (এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আবেদনের শেষ তারিখ পর্যন্ত প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, .......................................................................
১৬. প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সদয় অবগতির জন্য]

AO(PT)
Senior System Analyst (copy ... web portal)

পরিকল্পনা বি...
পি... শাখা
ডায়েরী নং ৬১
তারিখ ৭/০৩/১৮

অতিঃ সচিব-১ এর দপ্তর
নং ৭৬ তারিখ ৭/৩/১৮
যুগ্ম-সচিব (বাজেট ও আইটি)
যুগ্ম-সচিব (এনইসি ও সমন্বয়)
যুগ্ম-প্রধান (একনেক)
যুগ্ম-সচিব (প্রশাসন)
উপসচিব (প্রশাসন-১)
যুগ্ম-সচিব (পিটি)
যুগ্ম-সচিব (সমন্বয়)
উপসচিব (সাধারণ ১/২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
www.mopa.gov.bd

১৪ ফাল্গুন ১৪২৪

নং-০৫.০০.০০০০.২৩৯.২৫.০০২.১৮-৪৭১ তারিখঃ ------------------
২৬ ফেব্রুয়ারি ২০১৮

## বৈদেশিক শর্ট কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান

চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নোক্ত কোর্সসমূহে অংশগ্রহণের জন্য ক্যাডার সার্ভিসের আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। কোর্সের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপঃ

| ক্রম | কোর্সের বিবরণ | শর্তাদি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিবগণের জন্য অনধিক ১৫ দিনব্যাপী বৈদেশিক শর্ট কোর্স<br>সুযোগ সংখ্যাঃ ৫০টি (সর্বোচ্চ) | ১. সরকারের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব ও সমপর্যায়ের সকল বিসিএস ক্যাডারের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।<br>২. ১৫ মার্চ ২০১৮ তারিখে যে সকল অতিরিক্ত সচিবগণের ন্যূনতম ২ (দুই) বৎসর, যুগ্মসচিবগণের ন্যূনতম ৪ (চার) বৎসর এবং উপসচিবগণের ন্যূনতম ৭ (সাত) বৎসর চাকুরির মেয়াদ থাকবে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন। সমপর্যায়ের কর্মকর্তাদের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য হবে।<br>৩. যারা ইতঃপূর্বে Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials প্রকল্পের কোন কোর্সে (মাস্টার্স/ডিপ্লোমা/শর্ট কোর্সে) যে কোন পদে থাকা অবস্থায় অংশগ্রহণ করেছেন, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।<br>৪. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত রুট, বাহন ও সময়ের মধ্যে আবশ্যিকভাবে মনোনীত কর্মকর্তাকে শর্ট কোর্সে অংশগ্রহণ করতে হবে।<br>৫. অফিসিয়াল মেশিন রিডেবল পাসপোর্টের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।<br>৬. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ২. | যুগ্মসচিবগণের জন্য অনধিক ১৫ দিনব্যাপী বৈদেশিক শর্ট কোর্স<br>সুযোগ সংখ্যাঃ ১০০টি (সর্বোচ্চ) | |
| ৩. | উপসচিবগণের জন্য অনধিক ২১ দিনব্যাপী বৈদেশিক শর্ট কোর্স<br>সুযোগ সংখ্যাঃ ১০০টি (সর্বোচ্চ) | |

২। আগ্রহী কর্মকর্তাগণকে বর্ণিত শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ১৫.০৩.২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর সরাসরি আবেদন প্রেরণ করতে হবে। আবেদনপত্র এবং প্রয়োজনীয় ডকুমেন্ট ডাকযোগে, সরাসরি অথবা ই-মেইল ঠিকানায় mopapcell2@gmail.com ( সকল scanned ডকুমেন্ট pdf format)-এ প্রেরণ করা যাবে। মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত নমুনা আবেদনপত্রের অতিরিক্ত একটি soft copy (MS-Word Format, ফন্ট: Nikosh)-এ উল্লিখিত ই-মেইলে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রেরণ করতে হবে। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।

25.2.18

(মোঃ মুয়াজ্জেম হোসাইন)
প্রকল্প পরিচালক
'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে
সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' প্রকল্প
ও
অতিরিক্ত সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোনঃ ৯৫১৪৪৭৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
www.mopa.gov.bd

১৪ ফাল্গুন ১৪২৪

নং-০৫.০০.০০০০.২৩৯.২৫.০০২.১৮- ৪৭৭ তারিখঃ ------------------

২৬ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ বৈদেশিক মাস্টার্স ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহবান

চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় বৈদেশিক মাস্টার্স ডিগ্রি ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তর/সংস্থায় এবং বিভিন্ন ক্যাডার সার্ভিস এসোসিয়েশন/সমিতি বরাবর বহুল প্রচারের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

২৬.০২.১৮

(এস এম আবদুল্লাহ আল মামুন)
সিনিয়র সহকারী সচিব
ও
সহকারী প্রকল্প পরিচালক
'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প
ফোনঃ ৯৫৪০৭৫৯
pcell2@mopa.gov.bd

সংলগ্নীঃ দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তি।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(৩) সিনিয়র সচিব, ..........................................................................................
(৪) সচিব/ভারপ্রাপ্ত সচিব পরিসংখ্যান বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (সকল)
(৫) রেক্টর, বিপিএটিসি, সাভার, ঢাকা/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা (তাঁর অধীনস্থ সকল দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের জন্য অনুরোধসহ)
(৬) বিভাগীয় কমিশনার, .......................................................................(সকল)
(৭) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/ বিধি/সংগঠন ও ব্যবসহাপনা/শৃঙ্খলা/সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
(৮) মহাপরিচালক/পরিচালক ..........................................................................................
(৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
(১০) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
(১১) জেলা প্রশাসক, ..........................................................................(সকল) (আপনার জেলা এবং উপজেলাধীন সকল বিসিএস ক্যাডার কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
(১২) উপসচিব (পরিকল্পনা), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
(১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১৪) সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, লোকপ্রশাসন কম্পিউটার কেন্দ্র, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়। (এতদসংগে সংযুক্ত বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আবেদনের শেষ তারিখ পর্যন্ত প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
(১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, ..........................................................................
(১৬) প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১৭) অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সদয় অবগতির জন্য]

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জনপ্রশাসন মন্ত্রণালয়
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২৩৯.২৫.০০১.১৮-৪৭০

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪২৪ / ২৬ ফেব্রুয়ারি ২০১৮

## বৈদেশিক মাস্টার্স ও ডিপ্লোমা কোর্সে অংশগ্রহণের জন্য দরখাস্ত আহ্বান

চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন 'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নোক্ত কোর্সসমূহে অংশগ্রহণের জন্য ক্যাডার সার্ভিসের আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। কোর্সের বিবরণ ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপঃ

| ক্রম | কোর্সের বিবরণ | শর্তাদি | নির্বাচিত বিষয়সমূহ |
|---|---|---|---|
| ১. | বৈদেশিক মাস্টার্স ডিগ্রি<br><br>সর্বোচ্চ ৪৫ বৎসর<br>(৩০.০৪.২০১৮ তারিখে)<br><br>সুযোগ সংখ্যা-৬০ টি | (১) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।<br>(২) সরকারের উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব এবং সমপর্যায়ের সকল বিসিএস ক্যাডারের কর্মকর্তা আবেদন করতে পারবেন।<br>(৩) চাকুরি স্থায়ী হতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।<br>(৪) *মাস্টার্স কোর্স:* আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম Band Score ৬.৫ হতে হবে এবং Individual Band Score একটির বেশী ৫.৫ গ্রহণযোগ্য হবে না/TOEFL সমমান।<br>*ডিপ্লোমা কোর্স:* আবেদনকারীগণের IELTS-এ ন্যূনতম Band Score ৬.০ হতে হবে এবং Individual Band Score একটির বেশী ৫.৫ গ্রহণযোগ্য হবে না/TOEFL সমমান।<br>মেয়াদ: উভয়ক্ষেত্রেই IELTS/ TOEFL এর মেয়াদ ন্যূনতম ৩১.১২.২০১৮ পর্যন্ত হতে হবে।<br>(৫) আবেদন পত্রের সংগে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রাথমিক Unconditional Offer Letter (Full time) সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, এক্ষেত্রে Times Higher Education এর World University Ranking 2018 (over all)-এ উল্লিখিত University সমূহ হতে প্রথম সারির ৩০০টি University হতে সংগ্রহকৃত Offer Letter প্রাপ্ত কর্মকর্তাগণকে নির্বাচন করা হবে।<br>(৬) চাকুরি জীবনে যারা ইতঃপূর্বে Strengthening Government Through Capacity Development of the BCS Cadre Officials প্রকল্পের আওতায় শর্ট কোর্স/ডিপ্লোমা কোর্স/মাস্টার্স করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।<br>(৭) নির্বাচিত/মনোনীত কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। কোন কারণে নির্ধারিত কোর্সে অংশগ্রহণে ব্যর্থ হলে মনোনীত কর্মকর্তার মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে। একইসাথে মনোনয়ন বাতিলকৃত কর্মকর্তা পরবর্তীতে এই প্রকল্পের আওতায় স্বল্পমেয়াদী/দীর্ঘমেয়াদী কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন না।<br>(৮) নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে মনোনীত কর্মকর্তাকে প্রকল্প দপ্তর হতে গৃহীত শিক্ষাবৃত্তির অর্থ সুদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারি কোষাগারে/প্রকল্প হিসাবে জমা প্রদান করতে হবে।<br>(৯) আবেদনকারী কর্মকর্তাদের মনোনয়ন চূড়ান্ত হওয়ার পর একটি বন্ড প্রদান করতে হবে।<br>(১০) কর্মকর্তা নির্বাচনের ক্ষেত্রে কর্মকর্তার মেধাকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের CPT অনুবিভাগ কর্তৃক অনুসৃত প্রশিক্ষণ নীতিমালা অনুসারে যোগ্যতা, বয়স ও অন্যান্য বিষয় বিবেচনা করা হবে;<br>(১১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৬.১২.২০১৫ তারিখের ০৫.০০.০০০০. ২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রেষণে বা শিক্ষা ছুটিতে মাস্টার্স/ডিপ্লোমা ডিগ্রি সম্পন্ন করেছেন তাঁদের এ ক্ষেত্রে আবেদন করার প্রয়োজন নেই।<br>(১২) সরকার বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে প্রার্থীকে তা নিজস্ব তহবিল হতে বহন করতে হবে। | • Public Management/ Public Policy/ Governance/ Development Administration<br>• Environmental Issues/Global Warming/Climate Change<br>• Disaster Management<br>• Renewable Energy<br>• Sustainable Development/ Development Studies<br>• Development Economics<br>• Social Studies/ Gender Studies;<br>• Financial Management<br>• Diplomacy/ Negotiations<br>• Business & Trade<br>• Organizational Leadership<br>• ICT Management<br>• Law/International Law and other relevant issues এবং আবেদনকারী কর্মকর্তাদের ক্যাডার সংশ্লিষ্ট বিষয়সমূহ। |
| ২. | বৈদেশিক ডিপ্লোমা কোর্স<br><br>সর্বোচ্চ ৪৭ বৎসর<br>(৩০.০৪.২০১৮ তারিখে)<br><br>সুযোগ সংখ্যা-১৫ টি | | |

২. আগ্রহী কর্মকর্তাগণকে বর্ণিত শর্তাদি যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩০.০৪.২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন প্রেরণ করতে হবে। আবেদনপত্র এবং প্রয়োজনীয় ডকুমেন্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে ডাকযোগে, সরাসরি অথবা ই-মেইল ঠিকানায় mopapcell2@gmail.com ( সকল scanned ডকুমেন্ট pdf format)-এ প্রেরণ করা যাবে। মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত নমুনা আবেদনপত্রের অতিরিক্ত একটি soft copy (MS-Word Format, ফন্ট: Nikosh) উল্লিখিত ই-মেইলে বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রেরণ করতে হবে। আবেদনপত্রের নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) হতে ডাউনলোড করা যাবে। প্রার্থী কেবলমাত্র যে কোন ১টি কোর্সের (মাস্টার্স/ডিপ্লোমা) জন্য আবেদন করতে পারবেন।

২৬.২.১৮

(মোঃ মুয়াজ্জেম হোসাইন)
প্রকল্প পরিচালক
'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়)' প্রকল্প
ও
অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোনঃ ৯৫১৪৪৭৯